গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়
স্নাতকোত্তর (PG) ভর্তি 2020-21

আবেদনকারী ছাত্রছাত্রীদের যা যা করণীয়

● পরিবর্তিত সময়সূচি অনুযায়ী আবেদনকারীদের আরও দুদিন সময় দেওয়া হলো। আগামী **14.12.2020 সকাল 10 টা থেকে 15.12.2020 রাত 11:59 অবধি** পোর্টাল খোলা থাকবে। এই সময়ের মধ্যে ছাত্রছাত্রীরা নিচের কাজগুলো করতে পারবে:

(i) নতুন রেজিস্ট্রেশন করা
(ii) আগের রেজিস্ট্রেশন ব্যবহার করে নতুন আবেদনপত্র জমা করা
(iii) আগে জমা করা আবেদনপত্র সংশোধন করা

যারা আগেই সফল ভাবে আবেদন করেছিল এবং কিছু সংশোধন করার নেই, তাদের এই সময়ের মধ্যে আর কিছু করার দরকার নেই

এই সময়সীমার পরে কোনওরকম পরিবর্তন বা সংশোধন করা যাবে না। সময়সূচী পরিবর্তনের ব্যাপারে আবেদনকারীদের কোনওরকম অনুরোধকে বিশ্ববিদ্যালয় আর মান্যতা দেবে না।

● পেমেন্ট জমা হলো কিনা সে ব্যাপারে আবেদনকারীদের নিশ্চিত হতে হবে। যদি পেমেন্ট সফল হয় তাহলে একটি Application no. তৈরি হবে এবং **Application Form এর PDF তৈরি হবে। সেই ফর্মের মধ্যে payment transaction details ও থাকবে।** আবেদনকারীরা সেই PDF টি প্রিন্ট করে নিজের কাছে রাখতে পারে। সফল ভাবে Application করা হয়ে গেলে তারা সঙ্গে সঙ্গে একটি SMS এবং একটি email ও পাবে। যদি পেমেন্ট সফল না হয়, তাহলে Application no., ফর্মের PDF তৈরি হবে না। SMS এবং email ও যাবে না। এব্যাপারে সকলকে সজাগ থাকতে হবে। **এরকম হতেই পারে যে টাকা কেটে নেওয়া সত্ত্বেও পেমেন্ট সফল হলো না। সেক্ষেত্রেও আবার পেমেন্ট করতে হবে।** আগে কেটে নেওয়া টাকার ব্যাপারে ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করতে হবে।

● কিছু আবেদনকারী শুধু সাম্মানিক (Honours) বিষয়ের নম্বর না দিয়ে অন্যান্য বিষয় সহ পুরো স্নাতক স্তরের নম্বর দিয়ে ফর্ম ফিলাপ করেছে। আবার কেউ কেউ অসম্পূর্ণ মার্কস দিয়েছে। **PG অ্যাডমিশনের ক্ষেত্রে শুধুমাত্র HONOURS subject এর মার্কসই ধরা হবে।** অন্য বিষয় সহ পুরো Graduation এর মার্কস নয়। **যারা এই ভুল**

করেছে, তারা যেন অবশ্যই সেটা আগামী 14.12.2020 সকাল 10 টা থেকে 15.12.2020 রাত 11:59 এর মধ্যে ঠিক করে নেয়। অসঙ্গতি ধরা পড়লে সংশ্লিষ্ট আবেদনকারীর ভর্তি বাতিল করা হতে পারে।

● **Final Merit List প্রকাশিত হবে 18.12.2020 তারিখে।** এই লিস্ট তৈরি হবে আবেদনকারীদের দেওয়া তথ্যের ওপর ভিত্তি করে। কাজেই তথ্যে কোনও ভুল থাকলে তার দায় আবেদনকারীর। তথ্য যাচাই (ভেরিফিকেশন) এর সময় অসঙ্গতি ধরা পড়লে সংশ্লিষ্ট আবেদনকারীর ভর্তি বাতিল করা হতে পারে।

● এরপর শুরু হবে কাউন্সেলিং এবং ভর্তি প্রক্রিয়া। এটি হবে চারটি পর্যায়ে:

প্রথম পর্যায় : HOME UNRESERVED,
দ্বিতীয় পর্যায় : HOME RESERVED,
তৃতীয় পর্যায় : OPEN UNRESERVED
চতুর্থ ও শেষ পর্যায় : OPEN RESERVED

● কাউন্সেলিং হবে একটি ফর্মের মাধ্যমে। সেটির নাম '**ফর্ম অফ ইন্টেন্ট**' **(FORM OF INTENT), সংক্ষেপে FOI।** প্রত্যেক বিষয়ের ক্ষেত্রে সেই পর্যায়ে যতগুলি সিট আছে তার 4 গুণ আবেদনকারীর অ্যাডমিশন পোর্টালের অ্যাকাউন্টে FOI পাঠানো হবে। FOI পাঠানো হয়েছে – এটা জানিয়ে SMS এবং Email পাঠানো হবে। কাদের FOI পাঠানো হল তার একটি লিস্টও পোর্টালে দেওয়া হবে।

● **এরপর যারা FOI সাবমিট করবে তাদের মধ্যে থেকে ওই পর্যায়ের যতগুলো সিট আছে ঠিক ততজনকে Rank অনুযায়ী বেছে নেওয়া হবে এবং তাদের প্রভিশনাল অ্যাডমিশন হয়ে যাবে।** অর্থাৎ যারা ওই পর্যায়ে ভর্তি হতে ইচ্ছুক, তাদের নিজের নিজের অ্যাকাউন্টে গিয়ে FOI সাবমিট করতে হবে। সময়মত FOI সাবমিট না করলে ধরে নেওয়া হবে যে সে ওই পর্যায়ে ভর্তির জন্য ইচ্ছুক নয়। তবে মনে রাখতে হবে, FOI জমা করলেই ভর্তি সুনিশ্চিত নয়। আবার এটাও বুঝতে হবে যে একবার কোনও পর্যায়ে প্রভিশনালি অ্যাডমিটেড হয়ে গেলে তার নাম আর পরবর্তী পর্যায়ের জন্য বিবেচিত হবে না।

উদাহরণ: যেমন বাংলা বিভাগে Home-Unreserved সিট আছে 41 টি। তাই মেধাতালিকা অনুযায়ী Home-Candidate দের মধ্যে থেকে প্রথম 41x4 = 164 জনকে FOI পাঠানো হবে। এরপর যতজন FOI সাবমিট করবে তাদের মধ্যে থেকে Rank অনুযায়ী প্রথম 41 জনের প্রভিশনাল অ্যাডমিশন হয়ে যাবে। এইভাবে সবকটা পর্যায়ে পরপর FOI সাবমিশন এবং প্রভিশনাল অ্যাডমিশন হতে থাকবে।

● একজন আবেদনকারী একাধিক পর্যায়ের জন্য বিবেচ্য হতে পারে। কোন ধরণের আবেদনকারী কোন পর্যায়ের জন্য যোগ্য সেটা নিচের টেবিল থেকে বোঝা যাবে:

আবেদনকারীর ধরণ	**কোন পর্যায়ের যোগ্য**
Current registration under **UGB** and belonging to **General** Category	Home-Unreserved এবং Open-Unreserved
Current registration under **UGB** and belonging to **SC/ST/OBCA/OBCB/PH** Category	Home-Unreserved, Home-Reserved, Open-Unreserved এবং Open-Reserved
Current registration under **Other University** and belonging to **General** Category	Open-Unreserved
Current registration under **Other University** and belonging to **SC/ST/OBCA/OBCB/PH** Category	Open-Unreserved এবং Open-Reserved

● উপরের টেবিল থেকে বোঝা যাচ্ছে যে **একজন আবেদনকারীকে একাধিক FOI জমা করতে হতে পারে**, যদি তার প্রভিশনাল অ্যাডমিশন না হয়ে যায়। যখন যে পর্যায়ের কাউন্সেলিং হবে, সেই অনুযায়ী তার কাছে FOI চলে আসবে।

● **আবেদনকারীরা কাউন্সেলিং এর সময় FOI সাবমিট করার সুযোগ পেয়েও নির্দিষ্ট সময়ের মধ্যে সাবমিট না করলে ওই পর্যায়ের ভর্তির জন্য বিবেচিত হবে না। কোনও পর্যায়ে বিবেচিত হবার জন্য সেই পর্যায়ে FOI সাবমিট করা বাধ্যতামূলক।**

● FOI সাবমিট হলে আবেদনকারীর কাছে একটি SMS আসবে। এছাড়া FOI এর একটি PDF ও তৈরী হবে, যেটি আবেদনকারীরা প্রিন্ট নিতে পারবে। পরবর্তীকালে নিজের account এ Login করলে জমা দেওয়া FOI দেখাও যাবে।

● কেউ একাধিক বিষয়ে ফর্ম ফিলাপ করে থাকলে তার কাছে দুটো বিষয়ের জন্য আলাদা আলাদা FOI পাঠানো হবে। আবেদনকারীদের অনুরোধ করা হচ্ছে পছন্দের বিষয়ে সুযোগ পেয়ে গেলে অন্য বিষয়ে FOI সাবমিট না করতে।

● বিভিন্ন পর্যায়ের FOI সাবমিট করার জন্য দুদিন করে সময় দেওয়া হবে (তারিখ ও সময় নিচের টেবিলে দেওয়া হয়েছে)। তার পরের দিন সেই পর্যায়ের প্রভিশনাল অ্যাডমিশন হয়ে যাওয়া ছাত্রছাত্রীদের লিস্ট দিয়ে দেওয়া হবে। তাদের

প্রত্যেকের কাছে SMS এবং Email ও যাবে। **যেহেতু তাদের প্রভিশনাল অ্যাডমিশন হয়ে গেল, তাই এর পরবর্তী পর্যায়গুলোর জন্য আর তাদের নাম বিবেচনা করা হবে না।**

● পরিবর্তিত সময়সূচি অনুযায়ী পর্যায়ভিত্তিক কাজগুলো কোন কোন তারিখে হবে সেটা নিচের টেবিলে দেওয়া হল:

Events	Dates
Portal will remain open again	14.12.2020 (10:00 am) to 15.12.2020 (11:59 pm)
Publication of final merit lists	18.12.2020
Publication of the list of Home-Unreserved Candidates from whom Form of Intent(FOI) will be sought	19.12.2020 (morning)
Submission of Form of Intent (FOI) by Home-Unreserved Candidates	19.12.2020 (10am) to 20.12.2020 (4pm)
Publication of Home-Unreserved Provisional Admission List	21.12.2020
Publication of the list of Home-Reserved Candidates from whom Form of Intent (FOI) will be sought	21.12.2020 (morning)
Submission of Form of Intent (FOI) by Home-Reserved Candidates	21.12.2020 (10am) to 22.12.2020 (4pm)
Publication of Home-Reserved Provisional Admission List	23.12.2020
Publication of the list of Open-Unreserved Candidates from whom Form of Intent (FOI) will be sought	23.12.2020 (morning)
Submission of Form of Intent (FOI) for Open-Unreserved Candidates	23.12.2020 (10am) to 24.12.2020 (4pm)
Publication of Open-Unreserved Provisional Admission List	25.12.2020
Publication of the list of Open-Reserved Candidates from whom Form of Intent (FOI) will be sought	25.12.2020 (Morning)
Submission of Form of Intent (FOI) Open-Reserved Candidates	25.12.2020 (10am) to 26.12.2020 (4pm)
Admission List for Open-Reserved Candidates	27.12.2020
Fees submission	Will be notified later
Verification of documents	Will be notified later

● যাদের প্রভিশনাল অ্যাডমিশন হয়ে যাবে তাদের তথ্য যাচাই (ভেরিফিকেশন) ও টাকা জমা করার প্রক্রিয়া শুরু হবে। সেগুলোর তারিখ ও সময়সীমা পরে জানানো হবে। **মনে রাখতে হবে টাকা জমা ও ভেরিফিকেশন না হওয়া অবধি অ্যাডমিশন কনফার্মড নয়।**

● উপরের প্রক্রিয়া অনুযায়ী ভর্তি সম্পূর্ণ হবার পর টাকা জমা এবং ভেরিফিকেশন হয়ে গেলে যদি কিছু আসন খালি থাকে তাহলে সেগুলোতে পরে ভর্তি নেওয়া হবে। পরবর্তীকালে বিজ্ঞপ্তি দিয়ে এই ব্যাপারে বিশদে জানানো হবে।